

বেলারুশ প্রজাতন্ত্রের শিল্পমন্ত্রীর সঙ্গে পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক

মহামাম্য জনাব ভিতালি ভভ্ক, বেলারুশ প্রজাতন্ত্রের শিল্পমন্ত্রী পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজের সঙ্গে সাক্ষাৎ করলেন, ৩ জুলাই, ২০১৭। বেলারুশ প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট আলেকজান্ডার লুকাশেঙ্কো-এর আসন্ন ভারত সফর-সহ উভয় দেশের পারস্পরিক স্বার্থজনিত বিষয় নিয়ে আলোচনা করেন দুই মন্ত্রী। জনাব ভভ্ক ভারতে একটি প্রতিনিধি দলকে নেতৃত্ব দিচ্ছেন— যারা গতকাল নির্ধারিত বাণিজ্য, অর্থনৈতিক, বৈজ্ঞানিক, প্রযুক্তি এবং সাংস্কৃতিক সহযোগিতামূলক ভারত-বেলারুশ আন্তঃসরকার কমিশনের অষ্টম অধিবেশনে যোগ দেয়।

নয়াদিল্লি

জুলাই ০৩, ২০১৭